বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন কমিশন-২০২৬
বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
জাতীয় সদর দপ্তর, ঢাকা-১২১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর ২০২৬ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ২০২৬-২০২৮ মেয়াদের ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত 'নির্বাচনী তফসিল' ঘোষণা করা হয়েছে। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী যে সকল প্রতিদ্বন্দ্বি প্রার্থী ইতোপূর্বে 'মনোনয়ন ফরম' ক্রয় করেছিলেন তাদেরকে পূর্বের ক্রয় রসিদ প্রদর্শন পূর্বক নতুন মনোনয়ন ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। আগ্রহী প্রার্থীগণকে নতুন করে মনোনয়ন ফরম সংগ্রহ/ক্রয় করে তফসিল অনুযায়ী জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিশেষ নিয়মাবলী ও নির্দেশনা

(ক) মনোনয়নপত্র সংগ্রহ ও জমা: নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে নিম্নে বর্ণিত ফি প্রদানপূর্বক মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত ফরম নিজে স্বশরীরে নির্বাচন কমিশনের সামনে হাজির হয়ে, বিশেষ কারণে প্রার্থী আসতে অপরাগ হলে প্রার্থী কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে জমা প্রদান করতে হবে;

উল্লেখ্য যে, মনোনয়নপত্র সংগ্রহের সময় ভাইস চেয়ারম্যান পদে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ট্রেজারার পদে ২৫, ০০০/- (পঁচিশ হাজার) টাকা, সদস্য পদে ২০,০০০/- (বিশ হাজার) টাকা (অফেরৎযোগ্য) নগদে পরিশোধ করতে হবে। উল্লিখিত অর্থ বিডিআরসিএস এর সংশ্লিষ্ট তহবিলে জমা করা হবে।

(খ) ভোটাধিকার ও প্রর্থীতা: সংশ্লিষ্ট আইন ও বিধিমালা নীতিমালা ও সিদ্ধান্ত মোতাবেক প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় নাম থাকা সাপেক্ষে ভোটারগণ ভোট প্রদান এবং একটি পদে প্রার্থী হওয়ার সুযোগ পাবেন;

তবে শর্ত থাকে যে, একজন প্রার্থী সর্বোচ্চ ৩টি (১টি ভাইস চেয়ারম্যান, ১টি ট্রেজারার এবং ১টি সদস্য পদ) মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন এবং মনোনয়নপত্র দাখিলের তারিখে কেবলমাত্র একটি পদের জন্য মনোনয়নপত্র দাখিল করতে পারবেন;

(গ) প্রার্থিতায় প্রস্তাবকারী ও সমর্থনকারী: প্রস্তাবকারী ও সমর্থনকারীকে আবশ্যিকভাবে প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় ভোটার হতে হবে এবং একজন ভোটার ভাইস-চেয়ারম্যান ও ট্রেজারার পদে একাধিক প্রার্থীর প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হতে পারবেন না। সদস্য পদে একজন ভোটার ১২ (বারো) জনের অধিক প্রার্থীর প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারবেন না।

(ঘ) প্রার্থিতা প্রত্যাহার: নির্ধারিত আবেদন ফরমেটে স্বহস্তে সাক্ষরিত আবেদনপত্র সরাসরি প্রার্থী নিজে স্বশরীরে নির্বাচন কমিশনের সামনে হাজির হয়ে, ক্ষেত্রবিশেষে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির (প্রার্থী ও ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র প্রদর্শনপূর্বক) মাধ্যমে প্রার্থিতা প্রত্যাহার করতে হবে;

(ঙ) অন্যান্য কার্যক্রম: মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল, প্রার্থিতা প্রত্যাহার তথা প্রার্থিতা চূড়ান্তকরণ, ভোট প্রদান এবং অনুরূপ প্রাসঙ্গিক বিষয়ে জারিকৃত নিয়মাবলী ও নির্দেশনা সকল ভোটার, প্রার্থী ও সংশ্লিষ্ট ব্যক্তি, কর্তৃপক্ষ প্রতিপালন করে নির্বাচনের কার্যক্রম গ্রহণ করবেন;

(চ) নির্বাচন কমিশনের সিদ্ধান্ত: নির্বাচন পরিচালনা, বিধি-বিধান ব্যাখ্যা এবং ফলাফল সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ছ) প্রার্থীগণ ইচ্ছা করলে ভোট কেন্দ্রে তাদের পক্ষে একজন এজেন্ট নিয়োগ দিতে পারবেন। তবে, এজেন্ট নিয়োগের ক্ষেত্রে মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং ২কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ ২৪ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে দাখিল করতে হবে।

সরাসরি ভোটে নির্বাচনযোগ্য পদসমূহ

১) ভাইস চেয়ারম্যান : ০১ (এক) টি।
২) ট্রেজারার : ০১ (এক) টি।
৩) ব্যবস্থাপনা পর্ষদ সদস্য : ১২ (বার) টি।

১১/১১/২০২৬
(মোহাম্মদ হারুন-উজ-জামান ভূঁইয়া)
প্রধান নির্বাচন কমিশনার

(ব্যারিস্টার বেলায়েত হোসেন)
নির্বাচন কমিশনার

১১-১১-২০২৬
(ব্যারিস্টার মাহদীন চৌধুরী)
নির্বাচন কমিশনার

১১/১১/২০২৬
(খন্দকার ফাতেমা বেগম)
নির্বাচন কমিশনার

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

বিডিআরসিএস, ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন-(২০২৬-২০২৮)

তারিখঃ ১৫/১১/২০২৬

নির্বাচনী আচরণ বিধি

- ২৫ নভেম্বর ২০২৬ নির্বাচনের দিন ভোট কেন্দ্রের ভিতর (হলি ফ্যামিলি মেডিকেল কলেজ অডিটোরিয়াম) এবং ৫০ গজের মধ্যে নির্বাচনী প্রচারের জন্য কোন প্রকার ব্যানার, ফেস্টুন, লিফলেট সাজানো বা টানানো বা বিতরণ করা যাবে না।
- নির্বাচন কেন্দ্রের ৫০ গজের মধ্যে কোন প্রার্থীর পক্ষে কোন প্রকার নির্বাচনী বুথ স্থাপন করা এবং কোন নির্বাচনী প্রচারণা সামগ্রী যেমন-লিফলেট, ব্যানার, ফেষ্টুন, বিলবোর্ড ইত্যাদি প্রদর্শন করা যাবে না এবং সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী এবং ভোটার ব্যতীত অন্য কেউ অবস্থান করবেন না।
- নির্বাচন কেন্দ্রে (হলি ফ্যামিলি মেডিকেল কলেজ অডিটোরিয়ামে) ০৪টি বুথে ভোট প্রদানের জন্য একজন একজন করে প্রবেশ করবেন এবং ভোট প্রদান শেষে কোন ভোটার অডিটোরিয়ামের ভিতর অবস্থান করতে পারবেন না।
- ভোটারগণ সকাল ১০:০০ থেকে ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত অডিটোরিয়ামের ভিতরে জমায়েত হবেন না।
- প্রার্থীগণ তাদের পক্ষে একজন করে এজেন্ট (অবশ্যই তাকে ভোটার হতে হবে) নিয়োগ করতে পারবেন।
- নির্বাচন চলাকালে দেশের প্রচলিত ও প্রযোজ্য নির্বাচনী আচরণ বিধি মেনে চলবেন।
- ভোটারগণ ভোট কেন্দ্রে কোন প্রকার ইলেকট্রনিক সামগ্রী যেমন-মোবাইল ফোন, ক্যামেরা, রেকর্ডিং করার যন্ত্রপাতি বহন করতে পারবেন না।
- ২৪ নভেম্বর, ২০২৬ ইং তারিখ রাত ১২:০০ টার পর কোন প্রকার নির্বাচনী প্রচারণা চালানো যাবে না।
- প্রার্থীর নির্বাচনী এজেন্টগণ ভোট কেন্দ্রের নির্দিষ্ট স্থানে অবস্থান করবেন।
- প্রার্থী ভোট গ্রহণ এবং গণনা নিজে অথবা এজেন্টের মাধ্যমে প্রত্যক্ষ করতে পারবেন।
- সকাল ১১:০০ টা হতে বিকেল ০৪:০০ টা পর্যন্ত কোন প্রকার বিরতি ছাড়া ভোট গ্রহণ চলবে।
- নির্বাচন বিষয়ক যে কোন জটিলতায় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫.১১.২০২৬
(ব্যারিস্টার মাহদীন চৌধুরী)
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

১৫.১১.২০২৬
(খন্দকার ফাতেমা বেগম)
নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬

১৫/১১/২০২৬
(মোহাম্মদ হারুন-উজ-জামান ভূঁইয়া)
প্রধান নির্বাচন কমিশনার
বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ
নির্বাচন কমিশন-২০২৬